**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা
বড়বাজার।

১৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৭ই বৈশাখ বুধবার ১৩৩৯ ইংরাজী 20th April 1932 | ৪৬শ সংখ্যা

# হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারন উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

**কলেরায় নিরাপদ হইতে হইলে**




**কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।**

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশান্তিপদ সেন।

## সাহসের পুরস্কার।

আলীপুরের অতিরিক্ত দায়রা জজ মিঃ জে, এন, তালুকদারের জীবন রক্ষা করিয়া সাহসের পরিচয় দেওয়ার ফলে গবর্ণমেণ্ট আলীপুর জজ কোর্টের বেঞ্চ ক্লার্ক মিঃ জে, এন, ঘোষ দস্তিদার এবং মিঃ লক্ষীনারায়ণ পণ্ডিতকে একটী করিয়া সোণার ঘড়ি, সোণার চেন ও সার্টিফিকেট উপহার দিয়াছেন।

গত জুলাই মাসে মিঃ তালুকদার একটী ডাকাতি মামলার রায় দিতেছিলেন, সেই সময় ঐ মামলার অন্যতম আসামী ননীগোপাল মুখার্জ্জী আর একজন আসামীকে ছোরার আঘাতে হত্যা করিয়া জজের দিকে অগ্রসর হয়। উপরোক্ত ভদ্রলোকদ্বয় তাহাকে সশস্ত্র অবস্থায় ধরিয়া ফেলেন।

গত শুক্রবার প্রেসিডেন্সী ডিভিসনের কমিশনার মহাশয় আলীপুরে ২৪ পরগণা জিলা ইউনিয়ন বোর্ড সম্মিলনীর সভায় ঐ পুরস্কার দিয়াছেন।

## দিঘাপতিয়ায় ডাকাতি।

গত মঙ্গলবার দিবস দিঘাপতিয়ার পান্না ঘোষের বাড়ী রাত্রি অনুমান ১২টায় এক ডাকাতি হইয়া গিয়াছে। ৮।১০ জন ডাকাত লাঠি ও অন্যান্য অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়া আসিয়া দরজা ভাঙ্গিয়া গৃহে প্রবেশ করে এবং বাড়ীর লোকদের নিকট হইতে প্রাণের ভয় দেখাইয়া বাক্সের চাবি আদায় করিয়া নগদ ৪০০৲ টাকা ও ২০০০৲ টাকা মূল্যের গহনাপত্র লইয়া সরিয়া পড়ে।

## ৭০ ফিট উচ্চ হইতে পতন।

মাদ্রাজে শ্রমিক আহত।

একজন শ্রমিক চুলাইতে ৭০ ফিট উচ্চে এক দেওয়ালে রং দিতেছিল; তথা হইতে পড়িয়া যাইয়া সে গুরুতর আহত হয় এবং তাহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। ২ দিন পূর্ব্বে আর একজন শ্রমিক ঐভাবে পড়িয়া গিয়াছিল। সে হাসপাতালে মারা গিয়াছে।

## একজনের মৃত্যু, তিনজন আহত।

লক্ষ্ণৌয়ে মোটর দুর্ঘটনা।

গত ১৫ই এপ্রিল রাত্রে এক ভীষণ মোটর দুর্ঘটনা হইয়া গিয়াছে। একখানি গাড়ী চালকের আয়ত্তের বাহিরে চলিয়া যায় ও ফুটপাথের উপর উঠিয়া পড়ে। ফুটপাথে কতিপয় পুরুষ ও স্ত্রীলোক ঘুমাইতেছিল, উহাদের দুইজন স্ত্রীলোক ও দুইজন পুরুষ আহত হয়। উহাদের একজন হাসপাতালে মারা যায়। অপর কয়েকজনের অবস্থাও আশঙ্কাজনক।

মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

**বাতের তৈল**

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।


মূল্য ৪ আঃ শিশি ১৷৵০ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—

শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন

সোণামুখী অফিস,

মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)



**প্রতিষেধক স্বরূপ কর্পূরাসবের গুণ অসামান্য!**

বিসূচিকা বা কলেরার প্রাদুর্ভাবকালে গৃহে এক শিশি "কর্পূরাসব" থাকিলে সে স্থানে কলেরার প্রবেশ রুদ্ধ হইয়া যায় বলিলে অত্যুক্তি হয় না।

বহু বর্ষের চেষ্টা ও পরীক্ষার ফলে আবিষ্কৃত এই ঔষধ বিগত ৫০ বৎসরে বহু রোগীকে রোগমুক্ত করিয়াছে। কলেরা বা ওলাউঠা ব্যতীত "কর্পূরাসব" সেবনে দুরারোগ্য আমাশয়, অজীর্ণ, প্রভৃতি ত্বরায় নিবারিত হয়। এই ঔষধের নাম লইলে কলেরার আক্রমণ হইতে অব্যাহতি পাওয়া যায়।

আজই এক শিশি সংগ্রহ করুন! এক শিশি ৷৹ আনা। ডাকমাশুলাদি ।৶০।

**সি, কে, সেন**

—এণ্ড কোং লিঃ—

২৯ কলুটোলা, কলিকাতা।



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

**রেডিয়ম স্নো**

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন :—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

